



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ আগস্ট ২০১৮

## প্রেস বিজ্ঞপ্তি

### বাঘাইছড়িতে ইউপিডিএফ সমর্থককে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) বাঘাইছড়ি ইউনিটের সংগঠক জুয়েল চাকমা এক বিবৃতিতে গতকাল বুধবার রাতে উত্তর বঙ্গলতলী গ্রামে মিশর চাকমা (৩০) নামে এক ইউপিডিএফ সমর্থককে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

অবিলম্বে হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তি দাবি করে তিনি বলেন, ‘গতকাল রাত সোয়া আটটার দিকে পাড়ার দোকানে আড্ডা দেয়ার পর বাড়ির উদ্দেশ্যে রওনা হলে গুঁ পেতে থাকা ঘাতকরা তার নিজ বাড়ির পাশে তাকে লাঠি দিয়ে উপর্যুপরি আঘাত করে হত্যা করে।

মিশর চাকমাকে হত্যার জন্য জেএসএস সংস্কারবাদীদের দায়ি করে তিনি বলেন, মিশর চাকমা সংস্কারবাদীদের একজন কটুর সমালোচক ছিলেন এবং ঘটনার ৪-৫ দিন আগে দোকানে বসে লোকজনের সামনে প্রকাশ্যে তাদের বিভিন্ন অপকর্মের কড়া সমালোচনা করেছিলেন।’

এইভাবে সমালোচনার কারণে তাকে সংস্কারবাদীরা খুন করেছে বলে ইউপিডিএফ নেতা মন্তব্য করেন।

বার্তা প্রেরক

মাইকেল চাকমা

সদস্য

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।